

১.১ **বূপকল্প (Vision) :** আধুনিক বাংলাদেশের উপযোগী শান্তি, শৃংখলা, নিরাপত্তা, প্রগতি এবং উন্নয়ন জনবান্ধব পুলিশী ব্যবস্থা গড়ে তোলা।

১.২ **অভিলক্ষ্য (Mission) :** ১। জনগণের সাথে নিবিড় সম্পর্ক স্থাপন করা। ২। সেবার মান উন্নয়নে দক্ষ, যুগোপযোগী ও জনবান্ধব এবং পেশাদারিত্ব মূলক পুলিশিং কার্যক্রম পরিচালনা করা। তথ্য প্রযুক্তির সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করা। ৩। গণমাধ্যমের সাথে সু-সম্পর্ক স্থাপন ও জনশৃংখলা সুসংহত করা। ৪। বর্তমান প্রেক্ষাপটে নিরাপত্তা উপযোগী আধুনিক অস্ত্র-সস্ত্র ও সরঞ্জামের ব্যবহারসহ লজিস্টিক সাপোর্ট নিশ্চিত করা।

১.৩ **কর্মসম্পাদনের ক্ষেত্র (Strategic Objectives) :**

১। জননিরাপত্তা প্রদান

২। জঙ্গিবাদ দমনে বিশেষ দক্ষতা অর্জন এবং জঙ্গিদের আস্তানা সনাক্ত পূর্বক তাদের মূলোৎপাটন এর ব্যবস্থা গ্রহণ করা।

৩। এলাকার নিরাপত্তা নিশ্চিতকরণে জনগণকে সম্পৃক্তকরণ ও উদ্বুদ্ধকরণ

৪। বর্তমান বিশ্ব প্রেক্ষাপটে প্রযুক্তির সাথে তাল মিলিয়ে বুদ্ধি পর্যালোচনা এবং পুলিশি নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করা।

৫। তথ্য প্রযুক্তির মাধ্যমে অপরাধ ও অপরাধীদের সনাক্তকরণ এবং অপরাধ দমন।

➤ **সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র :**

১. দাপ্তরিক কর্মকাণ্ডে স্বচ্ছতা বৃদ্ধি ও জবাবদিহি নিশ্চিতকরণ। সর্বোপরি শুদ্ধাচার নীতির ভিত্তিতে পুলিশি কার্যক্রম পরিচালনা এবং উদ্ভাবনী ক্ষমতা প্রয়োগের মাধ্যমে পুলিশি কার্যক্রমে গতিশীলতা বৃদ্ধি।

২. কর্মসম্পাদনে গতিশীলতা আনয়ন ও সেবার মান বৃদ্ধি এবং পুলিশি কার্যক্রমে দ্রুত সাড়া দেয়ার নীতি গ্রহণ।

৩. স্বচ্ছ পুলিশি ব্যবস্থা নিশ্চিতকরণের মাধ্যমে জনগণের আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন করে জনগণের জীবন যাত্রার মানের উন্নয়ন।

৪. স্বচ্ছতা ও জবাব দিহিতার জন্য গণমাধ্যমের সাথে তথ্য প্রবাহ বৃদ্ধি এবং পুলিশিং কার্যক্রমের আইসিটি চালু করা।

১.৪ **কার্যাবলী (Functions) :**

১. মাদক, চোরাচালান, অবৈধ অস্ত্রধারী প্রভৃতি অপরাধীদের তালিকা প্রস্তুত ও তদানুযায়ী কার্যক্রম গ্রহণ। সন্ত্রাসী কার্মকাণ্ড মূলক যে কোন ধরনের ঘটনায় প্রতিরোধ, প্রতিহতকরণ এবং উদঘাটন।

২. নারী নির্যাতন বন্ধ, মাদক নিয়ন্ত্রণ, বাল্য বিবাহ প্রতিরোধ ইত্যাদি ক্ষেত্রে কার্যকরী ব্যবস্থা গ্রহণ। প্রতিটি থানায় উইমেন হেল্পডেস্ক স্থাপন ও শিশু বান্ধব অফিসার পদায়ন ও কার্যকর করা।

৩. মানসম্পন্ন তদন্তকরা ও অপরাধ উদঘাটন করণ। অপরাধ তদন্তে, অপরাধীকে গ্রেফতারে প্রযুক্তি এবং তথ্য প্রযুক্তির সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করা।

৪. ক্রিমিনাল রেকর্ড সংরক্ষণ করার জন্য CDMS ব্যবস্থা কার্যকর করা।

৫. অপরাধ নিয়ন্ত্রনে জনগণের অংশীদারিত্বের লক্ষ্যে কমিউনিটি পুলিশিং গঠন, নিয়ন্ত্রণ ও তদারকিকরণ।

৬. ইলেকট্রনিক্স ও প্রিন্ট মিডিয়াতে জঙ্গিবাদের কুফল সম্পর্কে প্রচারণা। ভাড়াটিয়াদের তথ্য সংগ্রহে বাড়ির মালিকদের উদ্বুদ্ধকরণ ও থানা পুলিশের কাছে তথ্য সরবরাহ করণ।

৭. পুলিশের শুদ্ধাচার/ উত্তম চর্চা ও উদ্ভাবন বিষয়ক কার্যক্রম গ্রহণ, জবাবদিহিতা নিশ্চিতের লক্ষ্যে সকল শ্রেণী পেশা লোকদের নিয়ে থানা অঙ্গনে ওপেন হাউজ ডে আয়োজন করা।

৮. পুলিশের মানব সম্পদ উন্নয়নে ইন-সার্ভিস ট্রেনিং জোরদারকরণ ই-লার্নিং এ উদ্বুদ্ধকরণ।

৯. ন্যায়বোধ, পারস্পরিক শ্রদ্ধা, সহমর্মিতা ও আইন মেনে চলার চর্চার সম্মিলনে একটি শুদ্ধ সমাজ গড়ে তোলার জন্য কাজ করা।